

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সংসদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd.

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আব্দুল্লাহ আল মামুন
উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২০
সময় : দুপুর ২.০০ টা
সভার স্থান : তাঁর অফিস কক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই অভিযোগ প্রতিকার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট সেবা গ্রহীতার বিষয়ে আলোচনা করা হয়। সভায় অভিযোগ নিষ্পত্তি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ রবিউল ফয়সাল জানান যে, গত ০৬ (ছয়) মাস যাবৎ অনলাইন সিস্টেমে কোন অভিযোগ দায়ের হয়নি এবং প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। এ বিষয়ে বাজেট শাখার সিনিয়র সহকারী সচিব জনাব মো: ফজলুর রহমান বলেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সাধারণ জনগণ কর্তৃক দায়েরকৃত অভিযোগ নিষ্পত্তির একটি স্বচ্ছ প্রক্রিয়া এবং এ বিভাগের Annual Performance Agreement শতভাগ সম্পন্ন করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য কার্যক্রম। সভাপতি বলেন যে, কোনভাবেই যেন অভিযোগ সংক্রান্ত কোন পত্র পেন্ডিং অবস্থায় না থাকে। তিনি যে কোন অভিযোগের বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/
২৮/১২/২০২০
(মো: আব্দুল্লাহ আল মামুন)
উপসচিব (প্রশাসন অধিশাখা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.০৮৬.২৭.০০১.২০২০-২১৯

তারিখ : ১৬ পৌষ ১৪২৭
৩১ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সহকারী পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. উপসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


৩১/১২/২০২০

(মোহাম্মদ শের মাহবুব মুরাদ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৭০৯৭

ই-মেইল : moe_s4@yahoo.com